

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৪.০০১.১৭.৫০০

তারিখ: ২০ আশ্বিন ১৪২৮

০৫ অক্টোবর ২০২১

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে একাডেমিক স্বীকৃতি প্রদানের লক্ষ্যে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে একাডেমিক স্বীকৃতির অনুমতি প্রদানের জন্য আবেদন করা হয়েছে:


ক্র: নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	প্রার্থিত বিষয়
১.	আর্মড পুলিশ ব্যাটালিয়ন স্কুল এন্ড কলেজ, উত্তরা, ঢাকা	উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি
২.	পাটগ্রাম তারকনাথ (টি.এন) স্কুল অ্যান্ড কলেজ, পাটগ্রাম, লালমনিরহাট	উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি
৩.	পূর্ব শ্রী কণ্ঠদিয়া নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, বেড়া, পাবনা	নিম্ন মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি
৪	সতীহাট কে.টি উচ্চ বিদ্যালয় ও কলেজ, মান্দা, নওগাঁ	উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি
৫	গোপীনাথপুর বালিকা উচ্চ বিদ্যালয়, আফেলপুর, জয়পুরহাট	মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি
৬	ফরিদের পাড় উচ্চ বিদ্যালয়, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ	মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি
৭	মুরাদপুর সাহেবডাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয়, সদর, দিনাজপুর	মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি
৮	শ্যামপুর বহুমুখী হাই স্কুল এন্ড কলেজ, কদমতলী, ঢাকা	উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি
৯	নারায়ণগঞ্জ প্রিপারেটরি স্কুল, সদর, নারায়ণগঞ্জ	মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি
১০	কুদুছনগর নবদিগন্ত পাবলিক স্কুল, সদর, গাজীপুর	নিম্ন মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি

০২। এমতাবস্থায়, উপর্যুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতির অনুমতি প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত তথ্যাদি সন্নিবেশ/সংযুক্ত করে সরেজমিনে সংযুক্ত ছক মোতাবেক পরিদর্শন করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- (১) প্রতিষ্ঠানের নিজস্ব জমির নামজারি, হালনাগাদ খাজনা পরিশোধের কপি (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে);
- (২) ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণ হলে ব্যক্তির পরিচয় প্রতিবেদনে সন্নিবেশ করতে হবে এবং মন্ত্রণালয়ের ১০/০৪/২০০১ তারিখের প্রজ্ঞাপনের আলোকে ব্যক্তি নামে নামকরণের জন্য স্তরভিত্তিক নির্ধারিত টাকা যৌথনামে [(ক) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ ম্যানেজিং কমিটি/ গভর্নিং বডির সভাপতি (খ) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমাদানের প্রমাণক- সংশ্লিষ্ট ব্যাংকের প্রত্যয়নপত্র (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে);
- (৩) নিম্ন মাধ্যমিক পর্যায়ের একাডেমিক স্বীকৃতির জন্য ৩ বছরের জেএসসি পরীক্ষার ফলাফল, মাধ্যমিক পর্যায়ের একাডেমিক স্বীকৃতির জন্য ৩ বছরের এসএসসি পরীক্ষার ফলাফল (বছরভিত্তিক ও বিভাগওয়ারি শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা, পাসের সংখ্যা ও পাসের হার উল্লেখসহ) এবং উচ্চমাধ্যমিক পর্যায়ের একাডেমিক স্বীকৃতির জন্য- ৩ বছরের এইচএসসি পরীক্ষার ফলাফল (বছরভিত্তিক ও বিভাগওয়ারি শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা, পাসের সংখ্যা ও পাসের হার উল্লেখসহ); ও

(৪) প্রতিষ্ঠানের EIIN ও ইমেইল ঠিকানা।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



৫-১০-২০২১

আনোয়ারুল হক

উপসচিব

ফোন: ৯৫৪৫৭২০

ইমেইল: ds\_sec2@moedu.gov.bd

বিতরণ :

- ১) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,  
ঢাকা
- ২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,  
দিনাজপুর
- ৩) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,  
রাজশাহী
- ৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা  
বোর্ড, ময়মনসিংহ


স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৪.০০১.১৭.৫০০/১(৫)

তারিখ: ২০ আশ্বিন ১৪২৮

০৫ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ২) সচিব এর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) অধ্যক্ষ/প্রধান শিক্ষক, .....
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



৫-১০-২০২১

আনোয়ারুল হক

উপসচিব